2. I believe research is academic but as well as representation of your creativity with certain amounts of methodology and theories. As an undergraduate student I faced challenges related to new methodology and theories.
3. Research budget is very vital for any kind of research. I felt that my research budget making is not up to the mark. So, proposing a draft budget was also a challenge for me.
4. Finding relevant research papers was a bit challenging for me. First day I didn't find the right amount of research papers related to my task.

Mistakes:

1. Proposed the wrong number of participants for the Control group and experimental group. After the suggestion, we planned to allow 300 participants for our research. When the research will take place at University of Liberal Arts Bangladesh (ULAB), according to the number of participants we will divide our participants into a Control group and Experimental group.
2. Forgot to attach two important aspects related to the proposed research objectives. Example: Through this study we will try to evaluate the effectiveness of MIL knowledge and the importance of including MIL in academic curriculum. But after the feedback session with my internship mentor and Mr.Aminul I added both of the objectives.
3. Choose the wrong amount of time to conduct this study and do not add details related to the procedures.

Learning Outcomes:

1. I got to learn how to do background research before developing a research methodology and its different angels and perspectives.
2. I have learned how to read effectively other relevant research papers within a short time. By reading research papers related to MIL (Media and Information Literacy), Deep Fake and Misinformation I got to learn more about the importance of those sectors. Also, that information helped me to develop my research design for this study.
3. Now I am able to find my relevant research resources from the internet and research related websites like ResearchGate, Google Scholar and JSTOR. Example: Google advanced Search, Keyword search, going through the references attached in existing research papers and many more.
4. By developing this research design, now I am aware about the procedures related to preparing and proposing a research proposal and idea development.
5. I have learned to manage and design a research proposal within a short amount of time. That will help me to develop my time management skill during my future research proposal and academic research paper.

Project 6

Project Name: Postcards for Factwatch Facebook page.

Project Title: Making informational postcards with published fact-checking reports from the FactWatch website.

Project Brief:

The Center for Critical and Qualitative Studies (CQS) is in charge of running FactWatch, which is an initiative of the University of Liberal Arts Bangladesh (ULAB). FactWatch has an official Facebook page with 27k followers to publish and promote their operations. As part of the process of publishing and promoting Factwatch's fact-checking reports, they publish informative and interactive postcards related to published reports on Factwatch's official website.

My Responsibilities and Tasks:

1. I was assigned to create informative and interactive postcards using Adobe Photoshop.
2. The Center for Critical and Qualitative Studies (CQS) communication team provided the template for postcards and suggested that I need to follow it.
3. Maintaining the aspect ratio and using Factwatch's logo properly in each postcard.
4. After a fact-checking report is published on the official FactWatch websites, I need to prepare postcards related to the published report within 6-7 hours.
5. I need to share those postcards with Factwatch's social media team via email.

Screenshot from Adobe Photoshop Editing panel:



Image 6.1: Screenshot of a postcard related to Fake ballot paper that went viral during the 2024 Bangladesh National election



Image 6.2: Postcard related fake quote of Salimullah Khan



Image 6.3: Screenshot of my photoshop postcards from Adobe Photoshop homepage and photoshop folder

After preparing the postcard by using Adobe Photoshop I sent the postcard with other postcards to the social media team for publishing on FactWatch's official Facebook page.





PM Post Card

Khandaker Tanvir Anjum (192012041) <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to Shekh

Dear Ara
Please C

Thanks

By
TANVIR

from: **Khandaker Tanvir Anjum (192012041)** <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to: Shekh Mohammad Arafat <mohammad.arafat@ulab.edu.bd>
date: Jan 16, 2024, 4:25 PM
subject: PM Post Card
mailed-by: ulab.edu.bd
: Important because you marked it as important.

3 Attachments • Scanned by Gmail



Post of B.Sumon and Shakib

Khandaker Tanvir Anjum (192012041) <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to Shekh

Vhi Please check the attachments.

Thanks

By
Tanvir

2 Attachments • Scanned by Gmail



Post of TAKRIM 16th January

Khandaker Tanvir Anjum (192012041) <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to Shekh

Dear Ara
Please cl

Thanks

By
TANVIR

from: **Khandaker Tanvir Anjum (192012041)** <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to: Shekh Mohammad Arafat <mohammad.arafat@ulab.edu.bd>
date: Jan 17, 2024, 1:47 PM
subject: Post of TAKRIM 16th January
mailed-by: ulab.edu.bd

3 Attachments • Scanned by Gmail

Image 6.4: Screenshots of my Email to the Social Media Team with postcard

After sending the postcards to the social media team, some of my postcards were published on the official Facebook page of FactWatch. Attaching some of them with the hyperlink of the public post. Hyperlink will be available on the caption of the images.



Image 6.5: Screenshot of my published postcard on January 14th and 16th, 2024



Image 6.6: Screenshot of my published postcard on January 11th and 14th, 2024



Image 6.7 : Screenshot of my published postcard on January 15th and 17th, 2024

Image 6.8: Screenshot of my published postcards on January 17th, 2024



Image 6.9 : Screenshot of my published postcards on January 23rd , 2024

Challenges:

1. As an apprentice in graphic design, I typically use Canva for design. However, I encountered difficulties using Adobe Photoshop on my first day, but fortunately, I learned about it during my Convergence Communication II course.

2. I usually use the Windows operating system on my computer. But at the Center for Critical and Qualitative Studies (CQS), they use a MacOS operating system for editing something. So, for the first few days, I struggled with the keypad and the operating system. That cost some extra time during my task related to making postcards.

3. I was not aware of how to attach a QR (Quick Response Code) to the postcards.

Mistakes:

1. I made several mistakes while making my first few postcards. Those were related to maintaining the aspect ratio and attaching photos according to the provided template for Facebook pages and reel postcards.
2. I saved my edited postcard file in the wrong format. The right format for postcards should be .JPEG format. Because one of our research assistants suggested that I need to remember this while I am preparing anything to share on Facebook.
3. I forgot to attach QR (Quick Response Code) on the postcards.

Learning Outcomes:

1. Now, I have intermediate level knowledge related to Adobe Photoshop. I am able to create new templates and design new postcards with a decent amount of accuracy.
2. I can generate QR code (quick response code) properly. And attach the QR code on any postcards. Not only that, but I now have knowledge related to different QR code generator websites.
3. After using Adobe Photoshop on the MacOS operating system for the last few months, I am also efficient and comfortable editing on Mac operating systems.
4. Now I know how I need to share my contents with the social media team via email. At The Center for Critical and Qualitative Studies (CQS) they prefer short, to the point email with attachments. But still, I tried to follow the proper email etiquette during each email. I believe by practicing; it will help me to develop my communication accuracy via email.

Project 7

Project Name: Exclusive video from a research paper named "Whisperers amidst the echo chamber: Decoding Bangladesh's 2024 election disinformation".

Project Title: Voiceover and script writing for FactWatch exclusive video.

Project Brief:
During the 2024 national election of Bangladesh, Center for Critical and Qualitative Studies (CQS) worked on a research project named "Whisperers amidst the echo chamber: Decoding Bangladesh's 2024 election disinformation". After publishing the paper on their official FactWatch website they planned to make some exclusive videos on the basis of the research paper. For this reason, I had the opportunity to contribute by giving voice overs for these videos and wrote some of their scripts.

My Responsibilities and Tasks:

1. Checking the provided script and making changes according to the requirements of voice overs.
2. Before finalizing the edited script, take approval from the assigned mentor.
3. Submit all the voice overs and scripts within deadlines.
4. Discuss with the video editor and take suggestions on how to record a voiceover with the best quality.
5. After recording, share all the Voiceover via email and keep your mentor on CC of that email.
6. Before recording, checking all the percentages and statistics were the most important tasks for me in this project.
7. Voice Overs should be recorded in a calm and quiet place.

Materials and instructions for Voiceover:

My first task was giving the voiceover for a Deep Fake video of DB Harun-ur-rashid. One of our Research and communication assistants named Yuvraj Sen shared a draft script with me for giving the voiceover. After having this file, I went through the whole script thoroughly and several times for the best quality of voice overs.

Image (7.1): Draft script provided by our research and communication assistant

Before my recording I consulted with Yuvraj sen for clarification and some demo of previous work. He suggested some effective techniques and software for better audio recording. He also provided me with the details with a previous work of one of my meteors.



Image (7.2): Instruction and demo from Yuvraj sen for the voiceover

The script for the voice over:

As it was my very first voiceover that is why I followed the provided script for the voiceover. And this script was approved by Mr. Dip vhi.



Script DeepFake Harun-ur-Rashid-ফাইনাল .DOCX

File Edit View Tools Help

টাইটেলঃ এটি কি ডিবিপ্রধান হারুন-অর-রশীদের বক্তব্যের ভিডিও?

১) সম্প্রতি সামাজিক মাধ্যমে ডিবি প্রধান হারুন-অর-রশীদের একটি ভিডিও দেখা যাচ্ছে। যেখানে তিনি শেখ হাসিনা, ভোটকেন্দ্রে যাওয়া-না-যাওয়া -- এসব বিষয় নিয়ে কথা বলেছেন।

২) তবে, ফ্যাক্টওয়াচ উক্ত ভিডিওটি যাচাই করে বেশ কিছু অসঙ্গতি খুঁজে পেয়েছে, যেমন:

৩) কথা বলার সময় ডিবি প্রধান হারুন-অর-রশীদের ঠোঁটের সাথে তাঁর বলা প্রত্যেকটি বাক্যের সামঞ্জস্য হচ্ছে না।

৪) এই ভিডিওতে হারুনের কণ্ঠস্বর অন্যরকম শোনাচ্ছে।

৫) কথা বলার সময় তাঁর মুখমণ্ডল ছাড়া দেহের বাকি অংশ   ছিল। যখন কোনো মানুষ কথা বলেন, তখন তার শরীরে স্বাভাবিকভাবেই বিভিন্ন নড়াচড়া দেখা যায়। সেটি হারুনের ক্ষেত্রে দেখা যায়নি।

৬) এসবই ডিপফেক প্রযুক্তির লক্ষণ। ভিডিওর ব্যক্তিটি ডিবিপ্রধান হারুন-অর-রশীদ নন। কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে এই ভিডিও বানানো হয়েছে।

৬) ডিপফেক ভিডিও বুঝবার জন্য কণ্ঠস্বর, বক্তব্যের সাথে ঠোঁটের নড়াচড়ার সামঞ্জস্য, হাতের আঙুলের গঠন, চোখের পাতা পড়ার ধরন, গলার হাড় উঠানামার ধরন এবং মাথা ও দেহের মধ্যে সামঞ্জস্য আছে কিনা খেয়াল করুন।

৭) ডিপফেক সম্পর্কে সতর্ক থাকুন।

Image (7.3): Script for the Voice over

After recording I sent the audio file to my mentor Mr.Dip and our Research and communication assistant for approval. I send them different versions with diverse voice ranges. I recorded several voice recordings with different tones and scales. Such as Bit faster, Reading version and informative version.


Voice over of DB Harun deepfake   Inbox ×   Internship Important ×

Khandaker Tanvir Anjum (192012041) <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to Ishmam, Yuvraj, Shuvashish

Dear Concern,
Please check my attachments for my voiceover related files (Audio).
I have prepared different version of voiceover for the video with different level of tones.
You may use any one according to our requirement but i prefer "FINAL ONE" version...

Thanks

By
TANVIR

4 Attachments • Scanned by Gmail

Bit Faster.mp3 | FINAL ONE.mp3 | Informative versi... | Reading Version....

Yuvraj Sen (191012020)
Thanks, I have received it.

Shuvashish Das Ray Dip <shuvashish.das@ulab.edu.bd>
to Yuvraj, me

It is not "ডিপফেক প্রযুক্তির লক্ষণ", this should be "ডিপফেক এর লক্ষণ". Otherwise, it looks fine to me.

Image (7.4): Approval and the feedback of my voiceover for DB Harun Deep fake video

Published video Link:
https://www.facebook.com/watch/?v=388744830474951

Image (7.5): Published video with my voiceover

The video with my voiceover was published from the official facebook page of FactWatch. The video gained more than 1.5 K views and several comments from the audiences. My mentor Mr. Dip appreciated me in front of all my fellow colleagues for the quality of the voice over.

After finishing that one successfully I got the opportunity to give voiceover for the upcoming video projects of FactWatch. I gave four voice overs during my internship. Published 2 of them till now.

My Edited Scripts for voice over:

Script for Video 1:



Video 1

২০২৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রসহ বিশ্বব্যাপী ৮০টি দেশে গণতান্ত্রিক নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। যাতে অংশগ্রহণ করবে বিশ্বের অর্ধেকেরও বেশি জনগণ।

এ বছর দক্ষিণ এশিয়ার ভারত, পাকিস্তান এবং বাংলাদেশসহ চারটি গণতান্ত্রিক রাষ্ট্রে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। যার মধ্যে সম্প্রতিই বাংলাদেশে অনুষ্ঠিত হয়েছে জাতীয় সংসদ নির্বাচন। এই নির্বাচনী প্রক্রিয়া চলাকালীন সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমের নানা অপতথ্য ও বিভ্রান্তিকর ঘটনার তদন্ত করেছে ফ্যাক্টওয়াচ।

নির্বাচনকালীন সময়ে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া অপতথ্যের বিষয়বস্তুর বিভিন্ন দিক বিশ্লেষণ এবং

প্রচারণায় লক্ষ্যবস্তু হওয়া ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিত করা ছিল ফ্যাক্টওয়াচের গবেষণার লক্ষ্য।

ফ্যাক্টওয়াচের গবেষণায় গুজব প্রচারের চার ধরন পাওয়া গিয়েছে।

1. ভিডিও,
2. ছবি,
3. টেক্সট
4. এবং ডিপফেক।

গবেষণায় দেখা যায়, ভিডিও ৭১.৯%, ছবি ১৪%, টেক্সট কিংবা ওয়েব পোর্টালের লিংক ১২.১% এবং ডিপফেক ১.৯%।

দেখা যাচ্ছে , ভিডিও মাধ্যমে বিভ্রান্তি ছড়ানোর হার সবথেকে বেশি।

আবার, টেক্সট-ভিত্তিক জাল ওয়েব পোর্টালের লিংক, ফেসবুক স্ট্যাটাস বা অন্যান্য মিডিয়ার মাধ্যমে প্রচার করা হয়, শুধুমাত্র ক্যাপশনের উপর নির্ভর করে।

তবে, বিশ্বজুড়ে বিভ্রান্তি ছড়ানোর জন্য কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার গতি বৃদ্ধি পাচ্ছে উল্লেখযোগ্য হারে। বাংলাদেশের দ্বাদশ নির্বাচনে প্রত্যক্ষ হয়েছে তিনটি ডিপফেক ভিডিও। ফ্যাক্টওয়াচের গবেষণায় আমরা নিশ্চিত হই যে, জনমনে বিভ্রান্তি ছড়ানোর জন্য ভিডিও তিনটিতে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ করা হয়েছে।

ফ্যাক্টওয়াচের এমন আরো ভিডিও দেখতে সাবস্ক্রাইব করুন আমাদের ইউটিউব চ্যানেল এবং চোখ রাখুন আমাদের ফেসবুক পেজে।

Image (7.6): Final Script for Video 1

Script for Video 2 and 3:

Video 2

২০২৪ সালে অনুষ্ঠিত বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় জুড়ে কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্যের বিষয়বস্তুর উপর ভিত্তি করে সামাজিক মাধ্যমে নানারকম অপতথ্য ও বিভ্রান্তি ছড়ানো হয়।

এ বছর বাংলাদেশে জাতীয় নির্বাচনকালীন সময়ে বিভ্রান্তি ছড়ানোর বিষয়গুলোকে ফ্যাক্টওয়াচ আটটি বিভাগে শ্রেণীবদ্ধ করেছে।

১। মানহানি
২। বৈদেশিক হস্তক্ষেপ
৩। অভ্যন্তরীণ দ্বন্দ্ব
৪। সহিংসতার উস্কানি
৫। ভিত্তিহীন প্রতিবাদ
৬। নতুন পাঠ্যক্রম নিয়ে মশকরা
৭। আর্থিক ভরাডুবি
৮। অন্যান্য

ফ্যাক্টওয়াচের গবেষণায় দেখা যায়, রাজনৈতিক ব্যক্তিত্ব বা দলগুলোকে কেন্দ্র করে মানহানিকর অপতথ্যের হার ৩২.৪ শতাংশ। ভিত্তিহীন মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য ব্যবহারের মাধ্যমে প্রায়শই ব্যক্তি বা সংস্থাগুলিকে লক্ষ্য করে অপপ্রচার ছড়াতে দেখা যায়।

অন্যদিকে, নির্বাচনকালীন সময়ে বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর ক্ষেত্রে মানহানিকর তথ্যের ন্যায় বৈদেশিক হস্তক্ষেপের হার ৩২.৪ শতাংশ । বিদেশী অংশীজন, সামরিক, এবং নাগরিক সমাজের সদস্যদের নির্বাচন সংক্রান্ত হস্তক্ষেপের উপর নজর দিয়ে বিষয়টিকে অন্তর্ভুক্ত করা হয়।

রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্বের মাধ্যমে নিজস্ব সদস্যদের মধ্যে উত্তেজনাপূর্ণ পরিস্থিতি চিত্রিত করা হয় । অভ্যন্তরীণ দ্বন্দ্বের মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য প্রচারের হার প্রায় ১২.৭ শতাংশ।

তাছাড়াও পুরানো সহিংসতার ভিডিওয়ের সাথে মিথ্যা দাবি জুড়ে দিয়ে বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হয়। ২০২৪ সালের জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক সহিংসতার মাধ্যমে উস্কানি দিয়ে বিভ্রান্তিকর তথ্যের প্রচারের হার প্রায় ৮.২ শতাংশ।

দ্বাদশ জাতীয় নির্বাচনে রাজনৈতিক নেতাদের গ্রেফতার-মুক্তি, অসুস্থতা, মৃত্যু এবং ভিত্তিহীন প্রতিবাদ এই বিষয়গুলোকে কেন্দ্রে করে প্রায় ৭ শতাংশ বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হয় সামাজিক মাধ্যম ফেসবুকে। অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায়, সাম্প্রতিক ঘটনার সাথে অপ্রাসঙ্গিক ভিডিও বা ছবি যুক্ত করে ঘটনাগুলোকে মিথ্যাভাবে উপস্থাপন করা হয়েছে।

ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে পাওয়া যায়, ২০২৪ সালে নির্বাচনকালীন সময় দেশের নতুন পাঠ্যক্রমকে কেন্দ্র করে প্রায় ৩.২ শতাংশ গুজব সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এ ধরনের গুজব প্রচারের প্রধান লক্ষ্যবস্তু হলো ধর্মীয় দৃষ্টিকোণ থেকে কোনো সিদ্ধান্তকে উপহাস করা ; কিংবা সরকার ও ক্ষমতাসীন দলের বিরুদ্ধে জনসাধারণের ধারণাকে প্রভাবিত করা।

ফেসবুকে নির্দিষ্ট কিছু সরকারি সংস্থা ও আর্থিক প্রতিষ্ঠানকে লক্ষ্যবস্তু বানিয়ে দেশের আর্থিক বিপর্যয় নিয়ে জনমনে আতঙ্ক সৃষ্টি করার জন্য সামাজিক মাধ্যমে প্রায় ১.৯ শতাংশ বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হয়।

তবে,জাতীয় নির্বাচনকালীন সময়ে সামাজিক মাধ্যম ফেসবুকে অন্যান্য ১.৯ শতাংশ বিভ্রান্তিকর ও অপতথ্য সামাজিক মাধ্যম ফেসবুকে প্রচার হতে দেখা যায়।

ফ্যাক্টওয়াচের এমন আরো ভিডিও দেখতে সাবস্ক্রাইব করুন আমাদের ইউটিউব চ্যানেল এবং চোখ রাখুন আমাদের ফেসবুক পেজে।

Video 3

বাংলাদেশে ২০২৪ সালে অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন চলাকালীন সময় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে বেশ কয়েকটি প্রতিষ্ঠান ও সংস্থাকে লক্ষ্য করে নানাধরনের বিভ্রান্তিকর অপতথ্য খুঁজে পায় ফ্যাক্টওয়াচ গবেষণাদল।

বাংলাদেশ সরকার, বাংলাদেশ আওয়ামী লীগ, বিরোধী রাজনৈতিক দল, গণমাধ্যম এবং সুশীল সমাজ সহ বাংলাদেশের বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থাকে এই বিভ্রান্তিকর অপতথ্য প্রচারাভিযানের লক্ষ্যবস্তু করা হয়।

নির্বাচনকালীন সময়ে দেশের সরকারী প্রতিষ্ঠান ও সংস্থাকে কেন্দ্র করে ৪৩ শতাংশেরও বেশি গুজব ও বিভ্রান্তিকর অপতথ্যের প্রচার করা হয়েছে । যার মধ্যে প্রায়শই টার্গেটের স্বীকার হয়েছে নির্বাচন কমিশন এবং প্রধান নির্বাচন কমিশনার।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে বিভ্রান্তিকর অপতথ্য প্রচারণায় অন্যতম লক্ষ্যবস্তু ছিলো র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশের সর্বশেষ রাষ্ট্রপতিসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়।

দ্বাদশ জাতীয় নির্বাচনকালীন সময়ে বাংলাদেশ আওয়ামী লীগকে লক্ষ্যবস্তু করে ফেসবুকে ছড়ানো বিভ্রান্তিমূলক অপতথ্যের হার ছিলো প্রায় ২৪ শতাংশ। বিভ্রান্তি সৃষ্টিকারীদের অন্যতম টার্গেট ছিলো প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাছাড়াও অন্যান্য নেতাকর্মী ও তাদের শরিক দল, জোটগুলোর সদস্যদের অভ্যন্তরীণ দ্বন্দ্ব, ভিসা নিষেধাজ্ঞা, জাল গ্রেপ্তার ও নানা ধরনের প্রতিবাদ নিয়ে অপতথ্য প্রচার করা হয়।

অন্যদিকে, দেশের বিরোধী রাজনৈতিক দলগুলোকে লক্ষ্যবস্তু করে দ্বাদশ সংসদ নির্বাচনে প্রায় ২২ শতাংশ অপতথ্য প্রচার করা হয়। যেখানে প্রাথমিক টার্গেট করা হয় বিএনপিকে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে বিএনপি নেতা মির্জা ফখরুল ইসলাম আলমগীর, বেগম খালেদা জিয়া, তারেক রহমান এবং রুমিন ফারহানার নামে বিভ্রান্তিকর অপতথ্য প্রচার করা হয় উল্লেখ্যযোগ্য হারে।

আবার, জাতীয় পার্টি, নুরুল হক নুর এবং বাংলাদেশ জামায়াত-ই-ইসলামী সহ অন্যান্য বিরোধী রাজনৈতিক দলগুলো নানারকম বিভ্রান্তিকর অপতথ্যের শিকার হয় ।

ড. মুহাম্মদ ইউনূস এবং সলিমুল্লাহ খানের মতো বিভিন্ন সুশীল সমাজের মানুষের ভুয়া উদ্ধৃতি সামাজিক যোগাযোগ মাধ্যমে নানারকম বিভ্রান্তির সৃষ্টি করে।

সিভিল সোসাইটি ও দেশের মূলধারার গণমাধ্যমের লোগো ব্যবহার করে ভুয়া ফটোকার্ডে ছড়িয়ে পড়া বিভ্রান্তিকর অপতথ্যের হার ছিলো প্রায় ৫.১ শতাংশ।

ফ্যাক্টওয়াচের গবেষণায় জানা যায়, যেসকল স্বতন্ত্র প্রার্থী এবং অন্যান্য রাজনৈতিক সদস্য এই নির্বাচনে উপস্থিত ছিলেন না তাদেরকে কেন্দ্র করে অপতথ্যের প্রচারণার হার ছিলো প্রায় ৪.৫ শতাংশ।

ফ্যাক্টওয়াচের এমন আরো ভিডিও দেখতে সাবস্ক্রাইব করুন আমাদের ইউটিউব চ্যানেল এবং চোখ রাখুন আমাদের ফেসবুক পেজে।

Image (7.7): Final Script for Video 2 and 3

After finishing all the voice over and scripting I took approval from my mentor and shared all the Voice over with our Research and communication assistant via email.


Voice Over for CQS Video 1 by Tanvir Internship Important ×

Khandaker Tanvir Anjum (192012041) <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to Shuvashish

Dear Yuvraj,
Please check the attachment related to the voiceover for our upcoming video.
Your effective feedback will be appreciated.

By
Khandaker Tanvir Anjum
Intern,CQS

3 Attachments • Scanned by Gmail

Retake 2.mp3 | Voice over by Tan... | Script for Video.p...

Voiceover for Video 2 and 3 and The Script used in Voiceover Inbox × Internship Important ×

Khandaker Tanvir Anjum (192012041) <khandaker.tanvir.msj@ulab.edu.bd>
to Yuvraj, Shuvashish

Dear Yuvraj,
Please check the attachment related to our upcoming Facebook and YouTube videos for CQS Online. I have added some audio files by following our final voiceover scripts for video 2 and video 3.

NOTE: *For video 3 please try to take audio according to the mentioned time in the audio file name.*
Example: 3.1/3.2/3.3 is a video sequence and after 1 min/1 min 20 sec is preferred audio as a voice-over.

Thanks

By
Khandaker Tanvir Anjum
Intern, Center for Critical and Qualitative Studies (CQS)

7 Attachments • Scanned by Gmail

Promotional Endi... | Video 3.3 13 seco... | Video 3.1 1min by ... | Video 3.2 1min 21 ... | Video 2 by Khand... | Script for Voiceov... | Script for Voiceov...

Shuvashish Das Ray Dip <shuvashish.das@ulab.edu.bd>
to me

Thank you Tanvir. It sounds good to me.

Regards

ULAB

Image (7.8): Final Script and voice over approval from Dip vhi

Published video:
https://www.facebook.com/watch/?v=1647293319139187



Image (7.9): Screenshot of the published video with my voiceover

This exclusive video with my voiceover was published from the official facebook page of FactWatch. This video gained more than 200 views till now. This video was made with the information of a research paper named "Whisperers amidst the echo chamber: Decoding Bangladesh's 2024 election disinformation". This research was conducted by the dedicated researchers of Center for Critical and Qualitative Studies (CQS) under the supervision of Prof. Din M. Sumon Rahman. So, it was a great opportunity for me to give voice overs with the insights of this impactful research paper.

<u>Challenges</u>:

1. For the first time I was giving Voiceover which was a bit of a challenging and new experience for me.
2. Due to the unavailability of a suitable voiceover studio, I had to wait late at night to record a better voiceover for our video. But it was a good experience for me.
3. The draft script required frequent rewrites, a time-consuming and multiple-tasking process, but these drafts significantly improved the script's overall quality.
4. Despite facing challenges in recording three voiceovers overnight and meeting the deadline, I successfully completed and submitted all the voiceovers and edited scripts within our deadline.
5. Different content demands different tones of voiceover which was a bit challenging for me while i was recording my very first voice over.

<u>Mistakes:</u>

1. During my first voiceover, I accidentally deleted the provided script. However, my mentor provided a revised draft and advised me to print the script during recording, which greatly improved the quality of my voiceover.
2. While i was recording i noticed that i wrongly pronounced some of the words from the scripts. Such as “ ভিসা নিষেধাজ্ঞা”, “প্রচারাভিযান”, “ থাম্বনেইল”. But after practicing several times I pronounced them correctly and recorded them for the final task.
3. I mistakenly sent all the audio only to my mentor whereas I was assigned to share all the voiceover with both of them. But within a minute I resend these recordings with both of them via email.

<u>Learning Outcomes:</u>

1. Now I know how to record a proper and perfect voiceover for video content. That will not only help me during my internship but also throughout my upcoming journey.
2. Different video content requires different tones of voice over. So, I learned that if I want to improve my voiceover quality, I need to learn how to maintain different tones of voice for voiceover.
3. I learned from this project that before sending any email go through all instructions related to “Who will be your receivers and what more to attach with all requested documents.”.
4. Now I know how to write and edit scripts for any voiceover. That also improved my writing skill of more engaging write-ups.
5. I also learned how to work with a team. I have worked with our communication team on this project, which helped me improve my interpersonal communication skills and made me more efficient than the previous version of mine.

Project 8

Project Name: Transcribing of the Key informant interviews (KII) for a research project named "Countering Misinformation and Hate Speech in South Asia".

Project Title: Transcribing the Key informant interviews (KII) of the fact-checkers from AFP Factcheck and Rumor Scanner.

Project Brief:
The Center for Critical and Qualitative Studies (CQS) is working on a research project named "Countering Misinformation and Hate Speech in South Asia". The primary goal of this research project is to gain an understanding of how misinformation spreads throughout South Asia, to identify prevalent issues that cause social unrest, to identify weaknesses in current strategies to combat misinformation in the region, and to identify misinformation agents and channels. Part of this long-term research project CQS organized several Focus group discussion (FGD) and Key informant interviews (KII) with expertise and fact-checkers. As an intern I had the opportunity to transcribe two Key informant interviews (KII) of the fact-checkers from AFP Factcheck and Rumor Scanner.

My Responsibilities and Tasks:

1. Collecting the audio recording from the Research assistant of this project, Md. Raian Siddiq.
2. Go through the audios and transcribe both with the instructions of the research Coordinator, Mr. Zulker Naeen.
3. Try to complete transcribing within the deadline by maintaining the flow of the research project.
4. I was assigned to transcribe word by word for both of Key informant interviews (KII).
5. Follow the previous transcribe document to get an idea how to transcribe according CQS's house policy.
6. After completing the first Key informant interviews (KII) share it with Md. Raian Siddiq.
7. Finally, when you will finish the transcribing of two Key informant interviews (KII) share those files with Md. Raian Siddiq (RA) and Mr. Zulker Naeen (RC).

Collecting Key informant interviews (KII) from Md. Raian Siddiq:

According to the instruction I personally contacted Md. Raian Siddiq the Assistant researcher of this research project and he shared the Key informant interviews (KII) audio files of the fact-checkers from AFP Factcheck and Rumor Scanner.



Image 8.1: Screenshot of the email I received from Md. Raian Siddiq

Transcribe: 1 (Rumor Scanner discussion)

ইন্টার্ভিউঃ Rumor Scanner
সময়কালঃ ৫৪ মিনিট ৫৫ সেকেন্ড

ট্রাভেলিং মিস ইনফরমেশনঃ

প্রশ্নকর্তাঃ কারা এটি ট্রাভেল করাচ্ছে? আপনাদের বা আমাদের ইন-হাউজ টিমে কি কেউ রিজিওনাল মিসইনফরমেশন নিয়ে কাজ করছে কিনা ?

উত্তরদাতাঃ আচ্ছা যেটা বললেন ,ট্রাভেলিং মিসইনফরমেশন প্রায় দেখা যায়। এগুলো আরোও আসবে আপনাদের প্রশ্নের সাপেক্ষে ।আমাদের স্পেচিফিক দুই-তিন জন থাকে।যারা এই কমিউনাল ভাইওলেন্স টাইপ বা ট্রাভেল মিস মিসইনফরমেশন mostly ইন্ডিয়া থেকেই বেশী আসে।এই জিনিসটা closely মনিটর করে।আর এইটা সবচেয়ে বেশী হয় টুইটারে।টুইটারে সার্বক্ষণিক এই মনিটরিংটা থাকে।চালু থাকে।

প্রশ্নকর্তাঃ আপনাদের সদস্য সংখ্যা কতজন ?
উত্তরদাতাঃ ১৬ জন।

প্রশ্নকর্তাঃ ১৬ জনের মধ্যে ফ্যাক্টচেকার কতজন?
উত্তরদাতাঃ এটা একটু দেখতে হবে । ৭- ৮ জন।

প্রশ্নকর্তাঃ আপনি প্রথমেই বললেন ট্রাভেলিং মিসইনফরমেশন টুইটারে বেশী হয় ।আমরা যতদূর জানি বাংলাদেশে সেরকমভাবে টুইটার ব্যবহারকারী নেই।মানে ফেসবুকের তুলনায়।আপনার বিশ্লেষন অনুযায়ী ভারতীয় টুইটার ব্যবহারকারীদের মধ্যে কারা ট্রাভেলিং মিসইনফরমেশন ছড়াচ্ছেন ?

উত্তরদাতাঃ এটা হলো প্রথমত আমাদের দেশে যেমন প্রচুর পরিমানে ফেসবুক ব্যবহার করি তেমনি ভারতীয়দের মাঝে টুইটার ব্যবহারের প্রবণতা রয়েছে।তারা মুলত টুইটার এবং ইন্সটাগ্রাম বেশী ব্যবহার করে। তাই তারা ট্রাভেলিং মিসইনফরমেশন ছড়ানোর ক্ষেত্রে টুইটার ব্যবহার করে।এবং কিছু নির্দিষ্ট গ্রুপ রয়েছে যেখানে তারা নানারকম মিসইনফরমেশন কালেক্ট করে নিজেদের টুইটার একাউন্টে ছড়ায়।তারা নিজেদের একাউন্টে তেমণ রিচ পায়না, স্বাভাবিক। যখন রিচ পায় না তখন তারা ফেসবুকে এসে সে একই জিনিস পোষ্ট করে । এভাবেই আসলে ইন্ডিয়ান সোশ্যাল মিডিয়া থেকে টুইটার হয়ে ট্রাভেলিং মিসইনফরমেশন বাংলাদেশী সোশ্যাল মিডিয়ায়

ছড়িয়ে পড়ে।যা টিকটকেও যায় এবং ইউটিউবেও যায়। বেশীর ভাগ সময় এধরণের ট্রাভেলিং মিসইনফরমেশন ভারতীয় উগ্রবাদ থেকে আসছে।

প্রশ্নকর্তাঃ আপনি কি সাম্প্রতিক সময়ের পাশের দেশ থেকে আসা এমন কোনো নির্দিষ্ট কেস স্ট্যাডির ব্যাপারে আমাদের বলতে পারবেন?

উত্তরদাতাঃ এখানে মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘটনটি আসবে। মমতা বন্দ্যোপাধ্যায়ের একটা বিষয় ছিলো "আমি হিন্দু, গরুর গোশত খেয়েছি । আরও খাবো। হিন্দু ধর্মের কোথাও লেখা নেই গরুর গোশত খাওয়া যাবে না।গরুর প্রতি যদি আপানদের এতো মহাব্বত থাকে তাহলে গরুর চামড়া দিয়ে জুতা করেন । কিন্ত ধর্মের দোহায় দিয়ে সাম্প্রদায়িক সংঘাতের সৃস্টি করবেন না।"-এই দাবিটা বলা হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছে।এইটা ইন্ডিয়া থেকেই ট্রাভেল হইছে। Very recent. এইটা ওইখানে মূলত ছড়ায়, কলকাতার মানুষদের মধ্যে আগে ছড়ায়। তারপর আস্তে আস্তে এইটা আমরা এইটা টুইটারে দেখতে পাই । ওইদেশে ছড়ায় এবং আমরা পাশাপাশি দেখতে পাই, এইটা গত বছরই ছড়িয়েছে এমন না । ২০১৬ থেকে এই বিষয়টা দেখা যাচ্ছে টুইটারে।আছে ফেসবুকে Exist করতেছে। মমতা ব্যানার্জীর এই স্টেটমেন্টটা।২০১৬,২০১৭,২০১৮,২০১৯,২০২০,২০২১।এবং ২০২৩ সাল, ২০২২ সালে ওত ছড়ায়নি বা আমরা খুঁজে পাইনি।টিকটকে ওইরকম ছড়িয়েছে।এইযে একটা বিষয় , মমতা বন্দ্যোপাধ্যায়ের একটা বিষয় এইটা কিন্ত তাদের দেশের জন্য প্রযোজ্য।সে একটা তাদের পলিটিক্যাল লিডার ,তাদের জন্য প্রযোজ্য।কিন্ত যেহেতু বাংলা ভাষাভাষী এবং যেহেতু ধর্মীয় একটা বিষয় রয়েছে। আমাদের দেশে যেহেতু হিন্দু মাইনরিটি আছে তাই এই বক্তব্যটা এখানে চলে আসছে । সেকারনে একটা আলোচনা বা সমালোচনা ফেসবুকে দেখা গেছে।

প্রশ্নকর্তাঃ এই কনটেন্টটা কী বাংলাদেশে ব্যবহৃত হয়েছে? এবং এই কেসটা বাংলাদেশে কীভাবে ব্যবহৃত হয়েছে ?

উত্তরদাতাঃ Say.. মমতা বন্দ্যোপাধ্যায় এইকথা বলেছেন। এখন দেখা যাচ্ছে, মুসলিম কিছু উগ্রপন্থী আছে। তারা এইটা বলছে যে, এই যে "মমতা বন্দ্যোপাধ্যায় এইটা বলেছে।" বা হিন্দু কাউকে অ্যাট্যাঁক করার জন্য বা হিন্দুদের মধ্যেও কেউ কেউ আছে যারা এইটা নিয়ে সমালোচনা করছে বা এইটা নিয়ে নেগেটিভিটি ছড়াচ্ছে।এই দুই গ্রুপের মধ্যেই বিষয়টা দেখা যাচ্ছে।

প্রশ্নকর্তাঃ যে মিস-ইনফরমেশন বাংলাদেশের বাহিরে থেকে আসতেছে । এগুলার মধ্যে টপিক অনুযায়ী যদি আমি চিন্তা করি।ধর্মীয়, কমিউন্যাল ভায়োলেন্স। কোন ধরণের মিস-ইনফরমেশন বেশী ?

উত্তরদাতাঃ প্রথমত ধর্মীয়। এর মধ্যে কমিউন্যাল ভায়োলেন্স।হিন্দু-মুসলিম একটা যে ক্ল্যাশ।ক্ল্যাশ বলি আর যেটাই বলি একটা সমস্যা। এ ধরণের মিস-ইনফরমেশন বেশী আসে ভারত থেকে।তারপর আছে হলো ক্রিকেট। একটা রাইভেল আছে বাংলাদেশ-ভারত ক্রিকেট নিয়ে।এটা একটা বিষয় আছে। দক্ষিন এশিয়ায় আফগানিস্তানের বিভিন্ন ভিডিও -ছবি ।ওতো নেগেটিভ না কিন্ত তাদের কিছু কিছু ভিডিও -ছবি বাংলাদেশে আসছে। ছড়াচ্ছে ! যেহেতু ওইদেশের বেশিরভাগ মানুষ হচ্ছে মুসলিম। হয়ত পজেটিভ ওয়েতে ছড়াচ্ছে কিন্ত মিস-ইনফরমেশন। এটা হচ্ছে একটা কথা । যেমনঃ শ্রীলংকায় বিভিন্ন ইস্যু কেন্দ্রীয় অনেক মিস-ইনফরমেশন ছড়ায়। শ্রীলংকার দেওলিয়া হইয়ে যাওয়ার বিষয়টি, এই যে সংকট শ্রীলংকায়।দেখা যাচ্ছে , ওখান থেকে
অনেক ছবি,ভিডিও (যদিও সত্য ঘটনা) কিন্ত বাংলাদেশও তা ছড়িয়ে পড়ে। আর ওই মিস-ইনফরমেশনগুলোকে কেন্দ্র করেই ছড়িয়ে পড়ে "বাংলাদেশ দেওলিয়া হয়ে গেলো " এসব।

প্রশ্নকর্তাঃ এই যে এই মিস-ইনফরমেশনগুলো ছড়িয়ে পড়ে । এসবের পেছনের কারন কী হতে পারে বলে আপনি মনে করেন?

উত্তরদাতাঃ প্রথমত, আর্থসামাজিক প্রেক্ষাপট। তারপর আমাদের প্রতিবেশী দেশ, সাংস্কৃতিক মিল। বিশেষ করে ভারতের সাথে ,কালচার। সেভাবে পার্থক্য নাই, সামঞ্জস্য আছে।এই বিষয়গুলো মিলের কারণে এভাবে গুজবগুলো ছড়ায়। যেমনঃ পাকিস্তানের সাথে ধর্মীয়। মুসলিম মেজরিটি, আফগানিস্তানে মুসলিম মেজরিটি।এই যে একটা সরল।এই জন্যে কিন্ত ছড়ায়।আবার Confirmation Bias দেখা দেয়। আরও বিষয় আছে , ক্রিকেট।এশিয়ার মধ্যে বেশীভাগ সময় মানুষ ক্রিকেট নিয়ে মাতামাতিতে থাকে। ক্রিকেট নিয়ে একটা রাইভেল দেখা যায়।অনেক মিস-ইনফরমেশন দেখা যায়।বাংলাদেশ ,পাকিস্তান ,শ্রীলংকায় । যেমনঃ আফগানিস্তানের বিভিন্ন ট্রলপেজ বা পাকিস্তানের বিভিন্ন ট্রলপেজে পোস্ট করতেছেন, কিন্ত ওইটা সত্য না। এমনও দেখা যায় দক্ষিন এশিয়ার দেশ থেকে শুধু আমাদের দেশে মিস-ইনফরমেশন আসে এমন কিন্ত না। আমাদের দেশের মিস-ইনফরমেশন বা ট্রল ওদের দেশেও ট্রাভেল করছে।যেহেতু ওরা কনসার্ন ,বাংলাদেশের সাকিব-আল-হাসান কী করতেছে।ও স্টার ,অল-রাউন্ডার ওয়ার্ল্ডের, তামিম কী করছে ! এগুলা নিয়েও মিস-ইনফরমেশন ছড়ায়।সাকিব-তামিম-মাশরাফিকে নিয়ে বিভিন্ন ট্রল পোষ্ট হয়।সবাই দেখছে যে , এইটা ট্রল হিসেবেই পোস্ট হচ্ছে কিন্ত কিছুদিন পর তা সত্য আকারে ছড়িয়ে পড়ছে। এভাবে অনেক মিস-ইনফরমেশন ওদের দেশেও ট্রাভেল করে।এই রকমভাবেই যেরকম ওদের দেশ থেকে আসে তেমনি আমাদের দেশেও আসে।ভারতে যদি পাকিস্তানকে নিয়ে কোণও গুজব ছড়ায় তাহলে বাংলদেশে স্বাভাবিকভাবেই আসবে। কারণ, রাজনৈতিক একটা সংশ্লিষ্টতা থাকবে।

প্রশ্নকর্তাঃ আমাদের দেশ থেকে অনেক মিস-ইনফরমেশনগুলো ছড়িয়ে পড়ে তাদের দেশে। বেশিরভাগ ক্ষেত্রে ক্রিকেট ও ধর্মীয় সংশ্লিষ্টতা রয়েছে। আপনারা এমনকোন কন্টেন্ট আইডেন্টিফাই করতে পারছেন কিনা। যেটা ওইদেশের ফ্যাক্ট-চেকাররা ফ্যাক্টচেক করেছে?

উত্তরদাতাঃ হ্যাঁ,এরকম বেশ কিছু আর্টিকেল আমাদের আছে। (প্রশ্নকর্তা লিংক চেয়েছেন এবং উত্তরদাতা তা প্রদানে আগ্রহ দেখিয়েছেন)। কথা প্রসঙ্গে উত্তরদাতা কিছু উদাহরণ দেন । যেমনঃ আওয়ামীলীগের একটা নেতাকে বেধে মারা হয়েছিলো। যা ALT নিউজ কভার করে। বাংলাদেশের একটা ঘটনা ছড়ায়। ভারতে বলা হয়, মুসলিম কর্তৃক হিন্দু একটা মেয়েকে রেপ করা হয়েছে। মোদী বিরোধী আন্দোলনের সময় বিভিন্ন গুজব ছড়ায়, তখন ইন্ডিয়ান মিডিয়া ওইটা কাভার করে।তারপর হেফাজত ওই একই ইস্যু, ইন্ডিয়া মিডিয়া ওইটা কাভার করে।এরকম বিভিন্ন বিষয় আছে । এরপর হাটহাজারি মাদ্রাসায় ছাত্র নির্যাতনের ঘটনা ।তারা তাদের দেশে ছড়ায় । আমাদের দেশের ছবি-ভিডিও তাদের মাধ্যমে ভারতে ছড়ায়।তখন ওদের ফ্যাক্ট-চেকাররা আমাদের নক দেয়।আমাদের মনে হচ্ছে এই ছবি-ভিডিও আপনাদের বা বাংলাদেশের ।তাই আপনাকে/আপনাদের একটু হেল্প লাগবে। ওরা আমাদের নক করলে আমরা সমাধান করে দেই।

সম্প্রতি উত্তরার মন্দির এর নামাজ এর শিডিউল ইন্ডিয়ার বলে ছড়ান হয়। তখন আমাদের ইন্ডীয়ান ফ্যাক্ট-চেকাররা নক করেন ।

প্রশ্নকর্তাঃ এই যে আপনি বললেন, ইন্ডীয়ান ফ্যাক্ট-চেকাররা বাংলাদেশের কোনো ছবি-ভিডিও ছড়িয়ে পড়লে আপনাদের নক দেয়। এটাও তো একধরণের চ্যালেঞ্জিং ? সে ত তার জায়গা থেকে পারতেছেনা।

উত্তরদাতাঃ এই চ্যালেঞ্জগুলো আমরাও ফেস করি। আমরা বেশি ফেস করি । তারা হয়তো তিন-ছয়মাসে এক-দুইবার আমাদের নক দেয়। এইটা আমাদের জন্য বড় চ্যালেঞ্জ ,ভাষাগত চ্যালেঞ্জ । হয়তোবা আমরা হিন্দি সিরিয়াল, মুভি দেখার কারণে হিন্দি ভাষা কিছুটা বুঝি । কিন্ত প্রাদেশিক (কেরেলা,তামিল,তেলেগু) ভাষাগুলো বুঝা আমদের জন্য খুব কঠিন হইয়ে যায়। আর ট্রান্সলেট করেও অনেকসময় বোঝা যায় না। এই যে ভিডিওগুলার ভয়েজগুলা এগুলা ট্রান্সলেট করে আমরা বুঝতে পারি না।ভাষা একটা বড় চ্যালেঞ্জ।

প্রশ্নকর্তাঃ এর বাহিরে কোনো চ্যালেঞ্জ ফেস করেন? টেকনিক্যাল বা অন্যান্য ?

উত্তরদাতাঃ স্টেটমেন্ট সংগ্রহের ক্ষেত্রেও আমাদের নানারকম চ্যালেঞ্জ ফেস করতে হয়।যেমনঃ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্টেটমেন্ট ।বাংলাদেশে ব্যাংকের একটা স্টেটমেন্ট আপনি যত সহজে পাবেন,

ওদের (ভারতের) কোনো একটা মিস-ইনফরমেশন কেন্দ্রীয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের একটা স্টেটমেন্ট আপনি ততটা সহজে পাবেন না। অনেকটা দেরী হবে।
যদি বলি আজকে একটা কমিউন্যাল ভায়োলেন্স হচ্ছে বাংলাদেশে,একটা মিস-ইনফরমেশন ট্রাভেল করে বাংলাদেশে আসছে।এবং এটার জন্য একটা ভায়োলেন্স সৃষ্টি হচ্ছে।আমরা বুঝতেছি এটা আরোও ছড়াবে। আমার হচ্ছে আর্টিকেলটা আজ দুপুরে পেলাম, আমার সন্ধ্যার মধ্যে পাবলিস করতে হবে।এবং আমি যদি এটা ফেসবুকে পোষ্ট করতে পারি তাহলে আমার মানুষকে আমি সচেতন করটে পারবো।সন্ধ্যার মধ্যে পাবলিস করতে হবে,যেহেতু বাংলাদেশে একটা ম্যাস ওডিয়েন্স আছে, ফলোয়ার আছে । কিন্ত দেখা যাচ্ছে, আমার ঐ স্টেটমেন্ট ……দেখা যাচ্ছে আমার ঐ আর্টিকেলটা “Statement Based”...নির্দিষ্ট একটা ঘটনা যেখানে ওখানের একটা নির্দিষ্ট কর্তৃপক্ষের স্টেটমেন্ট লাগবে। ঐটা ছাড়া আমাদের ফ্যাক্টচেক ঠিক আছে কিন্ত নির্দিষ্ট কর্তৃপক্ষের স্টেটমেন্ট ছাড়া আর্টিকেলটা সম্পূর্ণ হচ্ছে না। হতে পারে ওখানকার একটা পুলিশ স্টেশনের স্টেটমেন্ট লাগবে….বাংলাদেশের পুলিশ স্টেশনের স্টেটমেন্ট খুব সহজে পাচ্ছি । কিন্ত ভারতের কোনো স্টেটমেন্ট পেতে দেরী হচ্ছে ,তাই আর্টিকেলটা পাবলিস করতে দেরী হচ্ছে।

প্রশ্নকর্তাঃ "Rumor Scanner" যে ফ্যাক্টচেকিং করে সেক্ষেত্রে আপনার কী কোনো গাইডলাইন ফলো করেন ?

উত্তরদাতাঃ আমরা আমাদের প্রাতিষ্ঠানিক গাইডলাইন ফলো করি। পাশাপাশি IFCN-এর গাইডলাইনও আমাদের ফলো করতে হয়।কারণ, IFCN-এর সদস্যপদ পেতে হয় বা রিনিউ করতে হয় (তাদের যে পাঁচটা Code of Principle আছে সেগুলোও আমরা ফলো করি)।

প্রশ্নকর্তাঃ আপনারা ভারতের মিস-ইনফরমেশন নিয়ে কথা বললেন। নেপাল থেকে কী কোনো মিস-ইনফরমেশন আমাদের দেশে ট্রাভেল করে ?

উত্তরদাতাঃ ভূমিকম্প কেন্দ্রীয় ঘটনা পাওয়া গেলেও রাজনৈতিক ও ধর্মীয় পাওয়া যায় না। খুব কম। বড় ধরণের ভূমিকম্প কেন্দ্রীয় ঘটনা হলে সেসব ঘটনা আমাদের দেশে ট্রাভেল করে।

প্রশ্নকর্তাঃ শ্রীলংকার ক্ষেত্রে ? (অর্থনৈতিক)

উত্তরদাতাঃ এখন কমে গেছে । কিন্ত ২০২১ -২০২২ সালে ….ইভেন্ট অনুযায়ী ছিলো। কিন্ত ভারত খুব ফ্রিকুয়েন্ট । যেটা শুধুমাত্র ধর্মীয় এবং ক্রিকেট কেন্দ্রীয়।

প্রশ্নকর্তাঃ আমরা জানতে পারি যে, নেপালে বাংলাদেশের মতোই ভারতের বলিউড সেলিব্রেটিদের গ্রহণযোগ্যতা রয়েছে।একবার ভারতের বলিউড সেলিব্রেটি হৃতিক রশন নেপালের ট্যুরিজম নিয়ে

একটা কথা বলেছিলেন । এবং নেপালের অর্থনীতি অনেকটাই বাংলাদেশের উপর নির্ভরশীল। আপনারা কী এরকম কোনো কিছু খুঁজে পেয়েছিলেন কিনা যেটা ভারত ও নেপালের মধ্যে দাঙ্গা সৃষ্টি করেছে ?

উত্তরদাতাঃ নাহ, এখন পর্যন্ত এরকম কিছু পাইনি।

প্রশ্নকর্তাঃ আপনারা বললেন ভারত থেকে মিস-ইনফরমেশন বেশি ট্রাভেল করে। ভারতের পর দক্ষিন এশিয়ার আর কোন কোন দেশে মিস-ইনফরমেশন বেশি ট্রাভেল করে?

উত্তরদাতাঃ শ্রীলংকা, আফগানিস্তান মাঝামাঝি অবস্থানে থাকবে……বাকি যেগুলো দেশ আছে সেগুলো ওত বেশি না……নেপাল ইভেন্ট ভিত্তিক। সম্প্রতি (A:বাংলাদেশ ও মালদ্বীপ; R:ভারত ও মালদ্বীপ) সম্পর্কের একটা টানপোড়ন চলছে। সেক্ষেত্রে মালদ্বীপেরও নাম আসতে পারে।

প্রশ্নকর্তাঃ আমরা যারা ফ্যাক্টচেক করি অনেক সময় তারা দেখি একই ঘটনা বারবার ছড়িয়ে পড়ছে। ধরেন, ২০২১-এ একবার মিস-ইনফরমেশন ছড়িয়েছে এবং আবার সেটা ২০২০-এও ছড়িয়েছে। এই ধরণের কোনো ইস্যু আছে কিনা যেটা আপনি গত দুইবছরে খেয়াল করেছেন?

উত্তরদাতাঃ এটার আমি একটা উদাহরণ দেবো।সেটা হচ্ছে , "মাশরাফি বিন মর্তুজা ৫০০ কোটি টাকার মালিক"। এইটা বাংলাদশে ব্যাপক নেগেটিভ ইমপ্যাক্ট ফেলেছে। বাংলাদেশে মাশরাফির সমর্থক বা হেটার যাই বলি না কেনো তা খুব নেগেটিভ ইমপ্যাক্ট ফেলেছে।মাশরাফি ৫০০ কোটি টাকার মালিক ২০১৮ সাল থেকে। মানে সে এমপি হবার পর ৫০০ কোটি টাকার মালিক হয়েছে । এখন কীভাবে হইছে এইটা তো মানুষ জানে….. দুর্নীতি করে। কিন্তু এইটা কীভাবে এলো। এইটা নিয়ে আমরা যখন কাজ শুরু করলাম তখন দেখলাম, "এইটার জন্য দায়ী হচ্ছে ভারত"। ভারতের "ক্রিক্টট্র্যাকার"।ভারতের ক্রিক্টট্র্যাকার একটা প্রতিবেদন করে এবং তারা তথ্য সংগ্রহ করেছে বিভিন্ন "ভুঁইফোড়" ওয়েবসাইট থেকে। থেকে না অনেক বায়োগ্রাফি ওয়েবসাইট। যদি কেউ

একটু পপুলার হয়, টিকটকারদেরও এখন বায়োগ্রাফি ওয়েবসাইট থাকে। এরকম কিছু পার্টিকুলার ওয়েবসাইট থেকে ক্রিক্টট্র্যাকার এই তথ্যগুলো কালেক্ট করে ...মাশরাফির নেট ওরথ কত ? এসব তারা কালেক্ট করে তারা একটা প্রতিবেদন করে। সে প্রতিবেদনে তারা ধারনা দেয় যে মাশরাফি বিন মর্তুজা ৫০০ কোটি টাকার মালিক।
এটা তাদের নেগেটিভ উদ্দেশ্য না , ডাটা কালেকশন করে তারা এই প্রতিবেদন করে। এখন বাংলাদেশ যে মিডিয়া /বাংলাদেশের মানুষ ক্রিক্টট্র্যাকারের বদলে বাংলাদেশে প্রচার করা শুরু করে। তথ্যসূত্র হিসেবে "ক্রিক্টট্র্যাকার"। তারা আসলে আইডেন্টিফাই করেনা এই তথ্যটা আসলে আসছে কীভাবে । এইটা আইডেন্টিফাই ছাড়াই এইটার প্রচার শুরু হয়। মাশরাফি বিন মর্তুজা ৫০০ কোটি টাকার মালিক,সূত্র ক্রিক্টট্র্যাকার। এই যে বিভিন্ন প্রতিবেদন বা বিভিন্ন "ভুঁইফোড়" ওয়েবসাইট বা ইউটিউবে যারা কণ্টেন্ট ক্রিয়েটর আছে তারা এইধরণের কন্টেন্ট বানিয়ে তারা অর্থ

উপার্জন করে। তাদের তো একটা হেডলাইন হয়েই গেলো "৫০০ কোটি টাকার মালিক"।মাশরাফি এই তথ্যটা ২০১৮ সালের পর আমরা ২০২১ সালেও আমরা দেখেছি ২০২২,২০২৩ সালে দেখেছি। ২০২৩ সালে আরও বেশি দেখছি নির্বাচনের আগে। মাশরাফি তার ২০১৮ সালের হলফনামায় এত টাকা দেখিয়েছে এবং ২০২৩ সালে হলফনামায় কত দেখিয়েছে। এইটা সবচেয়ে বেশি ভাইরাল ছিল এবং রিকারিং ইস্যুর ক্ষেত্রে এইটা একটা ইস্যু।

প্রশ্নকর্তাঃ এই ভিডিও আপনারা দেখেছেন কিনা "শ্রীলংকায় বোরখা পড়া নারীদের র‍্যাগীংয়ের একটা ভিডিও ছড়িয়ে পড়ে "। যা ভারতে ছড়িয়ে ভারতে ছড়িয়ে পড়ে, " দেখুন কীভাবে ভারতে মুসলিম নারীদের উপর অত্যাচার করা হচ্ছে? "" এই জিনিসটা কিন্ত আবার পাকিস্তান ও বাংলাদেশেও ছড়িয়ে পড়ে। জানুয়ারি মাসে ব্যবহারকারীদের ফেসবুক মেমোরিতে যখন এই রিকারিং ইস্যু আবার আসে তখন তারা পোষ্টটি আবার শেয়ার করে। এই ধরণের কোনো ভিডিও বা ইস্যু আছে কিনা?

উত্তরদাতাঃ মাশরাফির এই ঘটনার কথায় আমরা ভাবছি।

প্রশ্নকর্তাঃ রিকারিং ইস্যুর প্রভাব এবং এটা সমাধান করা যায় কীভাবে ?

উত্তরদাতাঃ যেটা বললেন আপনি , অলরেডি উত্তর দিয়ে দিয়েছেন আপনি । ঐ যে হচ্ছে তাদের মেমরিজে আসে এবং শেয়ার করে। এখন আমরা যদি ফ্যাক্টচেক করি এবং ফেসবুক পোষ্ট কিন্ত ফ্ল্যাগ করা যায় । আমরা যখন এইসব পোষ্টগুলো ফ্ল্যাগ করবো তখন সাধারণ ব্যবহারকারীদের কাছেও তা ফ্ল্যাগ হবে । এইভাবে এইটা সমাধান করা সম্ভব। এইটা একটা টেকনিক হতে পারে। আর সচেতনতার তো বিকল্প নাই। সেজন্য আমাদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।এ বিষয়টা এরকম না এবং এই বিষয়টা এতো বছর ধরে ছড়িয়ে আসছে। এভাবে আমরা রিকারিং ইস্যুর প্রভাব সমাধান করতে পারি।

প্রশ্নকর্তা: মিডিয়া লিটারেসি তো সবসময়ই জরুরী এবং আপনি বললেন পোষ্ট ফ্ল্যাগ করা । এরকম আর কোনো পদ্ধতি আছে কী ?

উত্তরদাতাঃ আরেকটা বিষয় যেমন ভারতের একটা ইস্যু যেটা আমরা বাংলাদেশের একটা নিউজ দেখে জাজ করতে পারিনা । ভারতের কোনো বিশ্বস্ত গনমাধ্যমের নিউজটা আছে কিনা তা যাচাই করা।

প্রশ্নকর্তাঃ বাংলাদেশ ও পাকিস্তানের দ্বন্দ্ব তো অনেক আগে থেকেই ,যেখানে ইনফুয়েন্স করে ভারত।

উত্তরদাতাঃ ঐ ইস্যুতে আরেকটা কথা মাথায় আসছে ভাইয়া। বাংলাদেশের মিডিয়ায় পাকিস্তানকে নিয়ে কোনো নিউজ গেলে সেক্ষেত্রে কিছুটা বায়ানেস থাকবে। যেহেতু ভারত-পাকিস্তানের মাঝে একটা বায়াসনেস আছে। এইটা বেশিভাগ ক্ষেত্রেই বাংলাদেশী মিডিয়া করে থাকে। এই ক্ষেত্রে সবার আগে পাকিস্তানের মিডিয়াকে গ্রাহ্যতা দেওয়া উচিত আগে।

প্রশ্নকর্তাঃ As a fact checker community কখনও কী পাকিস্তানী ফ্যাক্টচেকারদের সাথে কাজ করার অভিজ্ঞতা রয়েছে কিনা ?

উত্তরদাতাঃ সরাসরি তাদের সাথে কোনো কাজ হয়নি । কিন্ত প্রয়োজনে একবার বা দুইবার তাদের নক করা হয়েছে।

প্রশ্নকর্তাঃ এমন কী কোনো ঘটনার ব্যাপারে আপনারা অবগত যেখানে বাংলাদেশ,ভারত,পাকিস্তানের মধ্যে কোনো ঘটনা ট্রাভেল করেছে ? এমন কী কোনো ঘটনা বা কেস আপনার মনে পড়ে যেখানে রাজনৈতিক প্রভাব, দাঙ্গা কিংবা ক্রিকেট কেন্দ্রীয় কোনো ঘটনা ঘটেছে।

উত্তরদাতাঃ পাকিস্তানের কবর থেকে উঠিয়ে ধর্ষন, বাবা-মা সন্তানদেরকে বরে তালা দেয়ার একটা ঘটনা গুজব ছড়িয়ে পড়ে।এটি তিন দেশেই ছড়িয়ে পড়ে।যা বাংলাদশে ও ভারতের গনমাধ্যমে ঢালাওভাবে প্রচার করা হয়।

উত্তরদাতাঃ এইটা হচ্ছে আপনার লাস্ট প্রশ্নের উত্তর । একটা নেটওয়ার্ক তৈরি করা, এশিয়ার মধ্যে।যেমন হচ্ছে আফ্রিকায়। তাছাড়াও AFCN (Arab Fact-Checkers Network) রয়েছে। তাদের কিন্ত একটা নেটওয়ার্ক রয়েছে। এর আগেও কিন্ত আমরা আপনাদের ওখানে গিয়ে এটা নিয়ে কথা বলেছি । বাংলাদেশে হয়তো আমরা করতে পারবো কিন্ত এটা সাউথ এশিয়ায় দরকার। যেহেতু সাউথ এশিয়ায় মিস-ইনফরমেশন অনেক ট্রাভেল করে। ফ্যাক্টচেকারদের যদি একটা কমিউনিটি থাকে। তাহলে বাংলাদেশে যদি ভারতের কোনো ভুল তথ্য ছড়িয়ে পড়ে তাহলে একটা কমিউনিটি করলে তো হচ্ছে না । শুধু একটা দেশ জানছে, ভারতের অডিয়েন্স তো আর জানছে না ।যদি আমার ফলোয়ার থাকে (ভারতের সচেতন নাগরিক) ৫-১০ বা সর্বোচ্চ ১০০ জন জানতে পারবে। একই টপিক যখন তিন দেশে ছড়াবে এবং তিনদেশের একটা কমিউনিটি থাকবে। তখন সে কমিউনিটিতে অন্যান্য দেশের ফ্যাক্টচেকার থাকবে এবং সচেতনতা তৈরী হবে। কিছু কমন বিষয় নিয়ে বিভিন্ন ফ্যাক্টচেকাররা অনলাইন ক্যাম্পেইনও করতে পারবে।

Skip: 27:04 to 27:47 (With the permission of Z.D. vhi)

প্রশ্নকর্তাঃ সাধারণ ব্যবহারকারী যারা খুব সহজেই কোনো কিছু বিশ্বাস করেন তারা নানাভাবে তো ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সেক্ষেত্রে আপনাদের পর্যবেক্ষণ কী?

উত্তরদাতাঃ প্রথমত হচ্ছে ধর্মীয় অনুভূতিতে আঘাত আনা, খুবই সেনসিটিভ একটা বিষয়। যখন হিন্দুধর্ম রিলেটেড কোনো গুজব ছড়ায় তখন যারা গুজব ছড়াচ্ছেন তাদের একটা নির্দিষ্ট টার্গেটি গ্রুপ থাকে। নির্দিষ্ট টার্গেট গ্রুপ কেন্দ্র করে গুজব ছড়ালে তা তাড়াতাড়ি ভাইরাল হয়। তারা তাদের অডিয়েন্সের ডিমান্ড অনুযায়ী তারা এসব ছড়ায়। কিছু অডিয়েন্স আসলেই এগুলো পছন্দ করে। তারা এগুলো ফলো করে এগুলো জানার জন্য । কি হচ্ছে ,না হচ্ছে, বাংলদেশ -ভারতে কি হচ্ছে ।হিন্দুধর্ম রিলেটেড গুজব আমাদের দেশের মানুষ দেখে (যেহেতু আমাদের দেশের মাইনরিটি হিন্দু) । ধরেন একটা টুইটার হ্যান্ডেলে বলা হচ্ছে , "একটা হিন্দু ধর্মের মেয়েকে রেপ করা হয়েছে"।তখন তারা নিজেদের আনসেফ মনে করে,যা খুবই স্বাভাবিক । তারপর same goes to মুসলিম ধর্মের ক্ষেত্রে । যখন বলা হচ্ছে , "কুরআন অবমাননা করা হচ্ছে"; কেউ একজন "মহানবী (সাঃ)-কে নিয়ে কটুক্তি করেছে" এটা কিন্ত মুসলিম কমিউনিটিকে টার্গেট করে করা হয়েছে, তাদের ধর্মীয় অনুভূতিতে আঘাত আনছে। তখন দেখা যাচ্ছে সে এলাকায় কিছু " উগ্রপন্থী" আছে তারা প্রতিবাদ বা বিশৃঙ্খলা সৃষ্টি করে। অথবা যে এমন কথা বলেছে তারা সে এলাকায় প্রতিবাদ গড়ে তোলে এবং একটা বিশৃঙ্খলা সৃষ্টি হয় ,যা থেকে একটা সাম্প্রদায়িক দাঙ্গা তৈরি হয়।আর হিন্দু কমিউনিটিরা টুইটারে সেসব নিয়ে প্রতিবাদ জানায় । আর সবচেয়ে বড় বিষয় হলো , তারা আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষন করে। কিন্ত বিষয়টা কিন্ত গুজব। আলটিমেটলি দেশের ভাবমূর্তি খারাপ হয়।

প্রশ্নকর্তাঃ যারা গুজব ছড়াচ্ছেন তাদের কী কোনো রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে কিনা ?

